গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-২).০০১.২০- ২৯৪ তারিখ: ১৮/০৭/২০২১ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২১ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের জন্য এ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন নির্দেশনা।**

সংশ্লিষ্ট সকলে অবগত আছেন কোভিড-১৯ অতিমারির কারণে ১৮/০৩/২০২০ খ্রি. থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। ফলে সেই তারিখ থেকে শিক্ষার্থীরা নির্ধারিত পাঠ্যসূচি অনুযায়ী স্বাভাবিক শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারছেনা। তবে শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়া অব্যাহত রাখতে সংসদ বাংলাদেশ টেলিভিশনে ধারাবাহিকভাবে শ্রেণি কার্যক্রম প্রচার করা হচ্ছে এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিজেদের উদ্যোগে অনলাইন শ্রেণি কার্যক্রম পরিচালনা করছে। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ২০২১ ও ২০২২ সালের পরীক্ষার্থীদের জন্য পাঠ্যসূচি পুনর্বিন্যাস করেছে। শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে আরও সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনার জন্য ২০২০ সাল থেকে ৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণি এবং ২০২২ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট প্রণয়ন করেছে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় এনসিটিবি ২০২১ সালের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের জন্যও বিষয় ভিত্তিক মূল্যায়ন নির্দেশনাসহ (রুব্রিক্স) অ্যাসাইনমেন্ট প্রণয়ন করেছে। পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে আরও সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনার লক্ষ্যে এনসিটিবি কর্তৃক প্রণীত অ্যাসাইনমেন্টসমূহ ১৮/০৭/২০২১ খ্রি. থেকে প্রদান করা হবে।

আমাদের মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় অ্যাসাইনমেন্ট কার্যক্রম কোভিড-১৯ অতিমারিকালীন বিকল্প পন্থায় শিক্ষা কার্যক্রম পরিচালনায় একটি কার্যকর উদ্ভাবনী উপায় হিসেবে পরিগণিত হয়েছে। এ কার্যক্রমটির সফলতা আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে গড়ে তোলার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করবে। কোভিড-১৯ অতিমারি পরবর্তীতে স্বাভাবিক অবস্থা ফিরে আসলেও শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের জন্য অ্যাসাইনমেন্ট কার্যক্রম অব্যাহত থাকা প্রয়োজন বলে বিশেষজ্ঞগণ মনে করছেন।

গ্রুপভিত্তিক নৈর্বাচনিক বিষয়ের উপর প্রতি সপ্তাহে ০২(দুই)টি করে ১২(বার) সপ্তাহের জন্য মোট ২৪(চব্বিশ)টি অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে। ১৮/০৭/২০২১ খ্রি. এসকল অ্যাসাইনমেন্টের মধ্যে প্রথম পর্যায়ে ০৩ সপ্তাহের জন্য ০৬টি অ্যাস্যাসাইনমেন্ট কাভার পৃষ্ঠার নমুনাসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং ০৫ আগষ্ট ২০২১ খ্রি. মধ্যে সুবিধাজনক সময়ে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শিক্ষার্থীরা তাদের অ্যাসাইনমেন্ট সম্পন্ন করে শিক্ষা প্রতিষ্ঠানে জমা (সরাসরি/অনলাইনে) প্রদান করবে। এ পর্যায়ে কোভিড-১৯ এর সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ অনুসরণপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজ নিজ শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্টসমূহ পৌছানো ও জমা নেয়ার ব্যবস্থা করবে। পরবর্তীতে দ্বিতীয় পর্যায়ের অ্যাসাইনমেন্ট যথা নিয়মে প্রকাশ করা হবে।

অ্যাসাইনমেন্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নে বর্ণিত নির্দেশনাসমূহ সংশ্লিষ্টদের যথাযথভাবে অনুসরণ করতে হবে-

**সাধারণ নির্দেশনা:**

১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত নিম্নের স্মারকদ্বয়ে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
   (ক) স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৪৩১; তারিখ: ১০/০৩/২০২১ খ্রি.
   (খ) স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-১).০০১.২০-৭৩৭; তারিখ: ১৪/০৬/২০২১ খ্রি.

২. শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণকে কোভিড-১৯ সংক্রমণ রোধে গৃহীত স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে। উল্লেখ্য, কোভিড-১৯ অতিমারির কারণে কঠোর লকডাউন/বিধি-নিষেধ চলাকালীন অ্যাসাইনমেন্ট কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সংশ্লিষ্ট উপ-পরিচালক/জেলা শিক্ষা কর্মকর্তা/উপজেলা মাধ্যমিক শিক্ষা/থানা শিক্ষা কর্মকর্তাবৃন্দ ও প্রতিষ্ঠান প্রধানগণ সমন্বয় করে আলোচনার মাধ্যমে বাস্তব ভিত্তিক পদক্ষেপ গ্রহণ করবেন। যে কোনো পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধির নির্দেশনাসমূহ কোনোভাবেই উপেক্ষা করা যাবেনা;

৩. এ কার্যক্রমে শিক্ষার্থী যেন কোনো অনৈতিক চাপের মুখোমুখি না হয় তা লক্ষ্য রাখতে হবে। এছাড়া অ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিষয়ে শিক্ষার্থীদের নিকট থেকে কোনো প্রকার ফি/পরীক্ষা ফি/মূল্যায়ন ফি বাবদ অর্থ গ্রহণ করা যাবে না। এ বিষয়ে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে দ্রুততার সাথে তদন্তপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৪. ২০২১ সনের এস.এস.সি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্টের জন্য এ বিজ্ঞপ্তির সাথে একটি কাভার পৃষ্ঠা (নমুনা) সংযুক্ত করা হয়েছে। শিক্ষার্থী নিজ হাতে লিখে এই কাভার পৃষ্ঠা তৈরি করতে পারবে। শিক্ষা প্রতিষ্ঠান চাইলে উক্ত কাভার পৃষ্ঠা শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট প্রদানের সময় সরবরাহ করতে পারবে। পরবর্তীতে শিক্ষার্থীরা উক্ত কাভার পৃষ্ঠার সংশ্লিষ্ট অংশ পূরণ করে অ্যাসাইনমেন্টের সাথে সংযুক্ত করে অবশ্যই জমা দেবে; তবে এ কাভার পৃষ্ঠা বাবদ শিক্ষার্থীদের নিকট থেকে কোনো অর্থ আদায় করা যাবেনা;

৫. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান সকল পরীক্ষার্থীর অ্যাসাইনমেন্টে প্রাপ্ত নম্বর সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা মোতাবেক (শিক্ষা বোর্ডসমূহ এ বিষয়ে নির্দেশনা প্রদান করবে) অনলাইনে প্রেরণ করবে;

৬. মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীদের নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড, ইন্টারনেট, সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্যের লেখা কপি করে অ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল হয়ে যাবে; মূল্যায়নকারীকে খুবই সতর্কতার সাথে মূল্যায়ন কার্যক্রম করতে হবে এবং পরীক্ষার্থীদের অনৈতিক কার্যক্রমের প্রমাণ পেলে তা চিহ্নিত করে ব্যবস্থা নিতে হবে। যদি নিরপেক্ষ দ্বিতীয় মূল্যায়নকারী কর্তৃক কোনো শিক্ষার্থীর অনৈতিক কার্যক্রম প্রমাণিত হয় সেক্ষেত্রে উক্ত শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট মূল্যায়নকারীকে অনৈতিক কার্যক্রমে সহযোগিতার দায়ে জবাবদিহিতার আওতায় আনা হবে;



৪

৭. অ্যাসাইনমেন্ট মূল্যায়ন শেষে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বোর্ডের নির্দেশনা অনুসারে (শিক্ষা বোর্ড এ বিষয়ে নির্দেশনা প্রদান করবে) নিজ নিজ প্রতিষ্ঠানের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের কিছু মূল্যায়িত অ্যাসাইনমেন্ট সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণ করবে;

৮. ২০২১ সনের এস.এস.সি পরীক্ষার্থীদের জন্য প্রকাশিত অ্যাসাইনমেন্ট যেন প্রতিটি শিক্ষার্থীদের হাতে পৌছায় সে বিষয়টি স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন;

৯. মাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অ্যাসাইনমেন্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সক্রিয় তত্বাবধান, পরিবীক্ষণ ও প্রয়োজনীয় সমন্বয় করবেন;

১০. অ্যাসাইনমেন্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সকল প্রতিষ্ঠান প্রধানকে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও কর্মচারীকে নির্দেশনা দেয়া হলো। প্রয়োজনে প্রতিষ্ঠান প্রধানের নির্দেশনা মোতাবেক শিক্ষক ও কর্মচারীগণ স্বাস্থ্যবিধি মেনে স্ব স্ব প্রতিষ্ঠানে উপস্থিত থেকে কার্যক্রম পরিচালনা করবেন;

১১. শিক্ষার্থী কর্তৃক জমাকৃত অ্যাসাইনমেন্ট মূল্যায়নপূর্বক নিম্নের ছক **(এক্সেল ফরমেটে)** অনুযায়ী তথ্য প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে:

| শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ই.আই.আই.এন ও ঠিকানা: | | | | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ্রুপ ও বিষয়: | | | | | | প্রাপ্ত স্কোর (রুব্রিক্স অনুযায়ী) | | | | | | |
| শ্রেণি রোল নং | শিক্ষার্থীর নাম | রেজি: নং | অ্যাসাইনমেন্টের শিরোনাম ও নং | গ্রহণের তারিখ | জমা প্রদানের তারিখ | | | | | | নম্বর | |
| | | | | | | | | | | | | |

## কাভার পৃষ্ঠা ও সংশ্লিষ্ট বিষয়ে নির্দেশনা

**(ক) উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের জন্য প্রযোজ্য:**

১. ২০২১ সনের এস.এস.সি পরীক্ষার্থীদের জন্য প্রেরিত কাভার পৃষ্ঠা যথাযথ ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের সাথে নিয়মিত যোগাযোগ রাখা;

২. কাভার পৃষ্ঠা সঠিকভাবে সংযুক্ত করা, পুরণ করা ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

৩. অ্যাসাইনমেন্ট কার্যক্রম তত্বাবধান, পরিবীক্ষণ, সংশ্লিষ্টদের সাথে প্রয়োজনীয় সমন্বয় এবং তথ্য সংগ্রহ করা;

৪. অ্যাসাইনমেন্টে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী অনলাইনে প্রেরণের বিষয়টি নিশ্চিতে যথাযথ ব্যবস্থা নেয়া;

৫. সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়ভিত্তিক মূল্যায়নকৃত কিছু অ্যাসাইনমেন্টের শিক্ষা বোর্ডে যথাযথভাবে প্রেরণের বিষয়টি নিশ্চিত করা;

৬. সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়ভিত্তিক মূল্যায়নকৃত মোট অ্যাসাইনমেন্টের যেগুলো শিক্ষা বোর্ডে প্রেরণ করা হবে সে অ্যাসাইনমেন্টগুলোর কাভার পৃষ্ঠার একাংশ ছেঁড়া ও সংরক্ষণের বিষয়টি পর্যবেক্ষণ করা;

৭. অ্যাসাইনমেন্ট চলাকালীন তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সাথে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরণপূর্বক নিয়মিত সভার মাধ্যমে অ্যাসাইমেন্ট বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;

৮. অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে কোনো শিক্ষার্থী যেন কোনোভাবেই নকল বা অন্য কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ না করে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।

**(খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের জন্য নির্দেশনা:**

১. অ্যাসাইনমেন্ট প্রদানের সাথে সাথে কাভার পৃষ্ঠা পুরণ ও সংযোজনের বিষয়ে পরীক্ষার্থীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

২. পরীক্ষার্থীর জমা দেয়া অ্যাসাইনমেন্টের কাভার পৃষ্ঠার যথাযথ ব্যবহার নিশ্চিত করা;

৩. কাভার পৃষ্ঠার তিনটি অংশ রয়েছে- (১) শিক্ষার্থীর অংশের তথ্য ছক নিম্নরূপ:

**(নিচের অংশ শিক্ষার্থীকে স্বহস্তে ইংরেজিতে পুরণ করতে হবে)**

| | |
|---|---|
| বিষয় কোড ও বিষয়ের নাম | |
| শিক্ষাবোর্ডের নাম | |
| শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর | |
| শিক্ষার্থীর নাম | |
| পিতার নাম | |
| মাতার নাম | |

এ অংশটি শিক্ষার্থী কর্তৃক স্বহস্তে ইংরেজীতে পুরণ করতে হবে। শিক্ষার্থীদের জন্য কাভার পৃষ্ঠার উপরের অংশ নির্ধারিত রয়েছে এবং নিচের অন্য দুটি অংশে শিক্ষার্থীরা কোনো কিছু লিখতে পারবে না অর্থাৎ ফাঁকা থাকবে। শিক্ষার্থীরা কাভার পৃষ্ঠায় তার অংশ পুরণ করে অ্যাসাইনমেন্ট জমাদানের পর বিদ্যালয় কর্তৃপক্ষ বাকী অংশ পুরণ করবে।

৪. কাভার পৃষ্ঠার দ্বিতীয় অংশ মূল্যায়নকারী শিক্ষক নিম্নোক্ত ছক মোতাবেক পূরণ করবেন।

**মূল্যায়নকারী শিক্ষক কর্তৃক পূরণীয় (প্রাপ্ত নম্বর ইংরেজীতে লিখতে হবে)**

| নির্দেশক (Indicator) | ক | খ | গ | ঘ | ঙ | চ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর (Marks obtained) | | | | | | | |
| | | | | | | সর্বমোট নম্বর- | |
| শিক্ষকের নাম | | | | শিক্ষকের স্বাক্ষর | | | |

৫. কাভার পৃষ্ঠার তৃতীয় অংশ প্রতিষ্ঠান কর্তৃক ইংরেজীতে পূরণ করতে হবে। এ অংশে যে সব তথ্য থাকবে- (ক) EIIN ও প্রতিষ্ঠানের নাম, (খ) শিক্ষার্থীর এস.এস.সি পরীক্ষার রোল নম্বর (প্রবেশপত্র পাওয়ার পর রোল নম্বর বসাতে হবে), (গ) প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলমোহর, (ঘ) পুনঃমূল্যায়নকারী শিক্ষক কর্তৃক প্রদত্ত নম্বর। কাভার পৃষ্ঠার উল্লিখিত তথ্য যথাযথভাবে পূরণ ও তা যাচাইপূর্বক অ্যাসাইনমেন্ট জমার বিষয়টি নিশ্চিত করতে হবে;

৬. অ্যাসাইনমেন্টে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী অনলাইনে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

৭. সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়ভিত্তিক মূল্যায়নকৃত কিছু অ্যাসাইনমেন্টের শিক্ষা বোর্ডে যথাযথভাবে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

৮. সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়ভিত্তিক মূল্যায়নকৃত মোট অ্যাসাইনমেন্টের যেগুলো শিক্ষা বোর্ডে প্রেরণ করা হবে সে অ্যাসাইনমেন্টগুলোর কাভার পৃষ্ঠার একাংশ ছেঁড়া ও সংরক্ষণের বিষয়টি পর্যবেক্ষণ করা;

৯. অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে কোনো শিক্ষার্থী যেন কোনোভাবেই নকল বা অন্য কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ না করে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।

১০. মূল্যায়নকারী শিক্ষক অ্যাসেইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে কোনো রকম অবহেলা, অতিমূল্যায়ন বা অবমূল্যায়ন না করে সে বিষয়টি নিশ্চিত করবেন।

**(গ) মূল্যায়নকারী শিক্ষকের জন্য নির্দেশনা:**

১. অ্যাসাইনমেন্ট মূল্যায়ন ও কাভার পৃষ্ঠা ব্যবহারে যথাযথ গুরুত্ব প্রদান করতে হবে

২. নিম্নোক্ত ছক মোতাবেক কাভার পৃষ্ঠায় শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর এর তথ্য পূরণ করতে হবে-

**মূল্যায়নকারী শিক্ষক কর্তৃক পূরণীয় (প্রাপ্ত নম্বর ইংরেজীতে লিখতে হবে)**

| নির্দেশক (Indicator) | ক | খ | গ | ঘ | ঙ | চ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর (Marks obtained) | | | | | | | |
| | | | | | | সর্বমোট নম্বর- | |
| শিক্ষকের নাম | | | | শিক্ষকের স্বাক্ষর | | | |

৩. অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থী যদি নকল বা অন্য কোনো অনিয়মের সাথে জড়িত থাকার প্রমাণ পাওয়া যায় তবে তার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করবেন;

৪. অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে কোনো প্রকার অবহেলা, অতিমূল্যায়ন বা অবমূল্যায়ন অথবা স্বজনপ্রীতি করা যাবে না;

৫. অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে ভিতরে সবল অংশ কালো কালি দিয়ে এবং দুর্বল অংশ লাল কালি দিয়ে চিহ্নিত করতে হবে;

৬. কাভার পৃষ্ঠার শিক্ষার্থীদের অংশ যথাযথভাবে তারা পূরণ করছে কিনা তা সঠিকভাবে যাচাই করে নিশ্চিত হবেন; কোনো শিক্ষার্থী যথাযথভাবে পূরণ না করলে তাকে সঠিকভাবে কাভার পৃষ্ঠা পূরণে সহযোগিতা করবেন। কাভার পৃষ্ঠার শিক্ষার্থীদের অংশ নিম্নরূপ-

**(নিচের অংশ শিক্ষার্থীকে স্বহস্তে ইংরেজিতে পূরণ করতে হবে)**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিষয় কোড ও বিষয়ের নাম | | | | | | | | | | | |
| শিক্ষাবোর্ডের নাম | | | | | | | | | | | |
| শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর | | | | | | | | | | | |
| শিক্ষার্থীর নাম | | | | | | | | | | | |
| পিতার নাম | | | | | | | | | | | |
| মাতার নাম | | | | | | | | | | | |

**(ঘ) অভিভাবকদের প্রতি অনুরোধ:**

১. বিদ্যালয় থেকে/অনলাইনে কাভার পৃষ্ঠা সংগ্রহের ক্ষেত্রে সন্তানদের সহযোগিতা করবেন। এ বিষয়ে কোভিড-১৯ জনিত সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরণ করবেন;

২. কাভার পৃষ্ঠার উপরের অংশে শিক্ষার্থীর তথ্য ছক নিম্নরূপ-

**(নিচের অংশ শিক্ষার্থীকে স্বহস্তে ইংরেজিতে পুরণ করতে হবে)**

| | |
|---|---|
| বিষয় কোড ও বিষয়ের নাম | |
| শিক্ষাবোর্ডের নাম | |
| শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর | |
| শিক্ষার্থীর নাম | |
| পিতার নাম | |
| মাতার নাম | |

উল্লিখিত ছক সঠিকভাবে ইংরেজীতে পূরণ করার ক্ষেত্রে সন্তানদের সহযোগিতা করবেন;

৩. শিক্ষার্থী যেন তার নির্ধারিত অংশ ব্যতীত কাভার পৃষ্ঠার অন্য কোনো অংশে বা অপর পৃষ্ঠায় কিছু না লেখে তা নিশ্চিত করবেন;

৪. অ্যাসাইনমেন্ট জমার ক্ষেত্রে কোনক্রমেই স্বাস্থ্যবিধি উপক্ষিত না হয় সে বিষয়টি নিশ্চিত করবেন;

৫. অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থী যেন নকল বা অন্য কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ না করে সে বিষয়টি যথাযথভাবে নিশ্চিত করবেন।

**(ঙ) শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:**

১. বিদ্যালয় থেকে সরাসরি/অনলাইনে অ্যাসাইনমেন্টের সাথে কাভার পৃষ্ঠা সংগ্রহপূর্বক কাভার পৃষ্ঠার উপরের অংশ ইংরেজীতে নির্ভুলভাবে পুরণ করতে হবে;

২. কাভার পৃষ্ঠার উপরের অংশে (এক তৃতীয়াংশ) নিম্নোক্ত তথ্য যথাযথভাবে ইংরেজীতে পুরণ করতে হবে-

**(নিচের অংশ শিক্ষার্থীকে স্বহস্তে ইংরেজিতে পুরণ করতে হবে)**

| | |
|---|---|
| বিষয় কোড ও বিষয়ের নাম | |
| শিক্ষাবোর্ডের নাম | |
| শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর | |
| শিক্ষার্থীর নাম | |
| পিতার নাম | |
| মাতার নাম | |

৩. নির্ধারিত অংশ ব্যতীত কাভার পৃষ্ঠার অন্য কোনো স্থানে বা অপর পৃষ্ঠায় কোনো কিছু লেখা যাবে না। যদি কোনো শিক্ষার্থী এ নির্দেশ অমান্য করে তবে তার অ্যাসাইনমেন্ট মুল্যায়ন স্থগিত রাখা বা বাতিল করা হবে;

৪. কোনো শিক্ষার্থী অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে নকল বা অন্য কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ করতে পারবে না। এ বিষয়টি প্রমাণিত হলে তাঁর অ্যাসাইনমেন্ট বাতিল করা হবে;

৫. কোভিড- ১৯ জনিতে সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক অ্যাসাইনমেন্ট কার্যক্রম সম্পাদন করতে হবে।

২০২১ সনের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট সম্পর্কিত এ বিজ্ঞপ্তি নির্দেশক্রমে জারী করা হলো।

১৮.০৭.২০২১

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন : ৪১০৫০২৮৫

**নমুনা কপি**

# মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

## ২০২১ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট

নিচের অংশ শিক্ষার্থীকে স্বহস্তে **ইংরেজিতে** পূরণ করতে হবে

**অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর:**

**অ্যাসাইনমেন্ট শিরোনাম:** ____________________________________________

| | | | | |
|---|---|---|---|---|
| বিষয় কোড ও বিষয়ের নাম | | | | |
| শিক্ষাবোর্ডের নাম | | | | |
| শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর | | | | |
| শিক্ষার্থীর নাম | | | | |
| পিতার নাম | | | | |
| মাতার নাম | | | | |

নিচের অংশ মূল্যায়নকারী শিক্ষক পূরণ করবেন (**প্রাপ্ত নম্বর ইংরেজিতে লিখতে হবে**)

| নির্দেশক (Indicator) | ক | খ | গ | ঘ | ঙ | চ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর (Marks obtained) | | | | | | | |
| | | | | | | **সর্বমোট নম্বর-** | |

| শিক্ষকের নাম | শিক্ষকের স্বাক্ষর |
|---|---|
| | |

==========================================================

নিচের অংশ প্রতিষ্ঠান কর্তৃক পূরণ করতে হবে

বিষয় কোড ও বিষয়ের নাম:

**অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর (ইংরেজীতে):**

**অ্যাসাইনমেন্ট শিরোনাম:** ____________________________________________

(নিচের অংশ **ইংরেজীতে** পূরণ করবেন)

| | | |
|---|---|---|
| EIIN ও প্রতিষ্ঠানের নাম | | |
| শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার রোল নম্বর | | প্রবেশ পত্র পাওয়ার পরে রোল নম্বর বসাতে হবে |
| প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলমোহর | | |
| পুনঃমূল্যায়নকারী শিক্ষক কর্তৃক প্রদত্ত নম্বর | প্রাপ্ত নম্বর | শিক্ষকের নাম ও স্বাক্ষর |

## ২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রণীত অ্যাসাইনমেন্ট

### গ্রিড

| বিষয় | | ১ম সপ্তাহ | ২য় সপ্তাহ | ৩য় সপ্তাহ | ৪র্থ সপ্তাহ | ৫ম সপ্তাহ | ৬ষ্ঠ সপ্তাহ | ৭ম সপ্তাহ | ৮ম সপ্তাহ | ৯ম সপ্তাহ | ১০ম সপ্তাহ | ১১শ সপ্তাহ | ১২শ সপ্তাহ | অ্যাসাইনমেন্টের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| গুচ্ছ ১ | বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা/ পদার্থবিজ্ঞান/ ব্যবসায় উদ্যোগ | ১ | ২ | | ৩ | ৪ | | ৫ | ৬ | | ৭ | ৮ | | ৮ |
| গুচ্ছ ২ | ভূগোল ও পরিবেশ/ রসায়ন/ হিসাববিজ্ঞান | | ১ | ২ | | ৩ | ৪ | | ৫ | ৬ | | ৭ | ৮ | ৮ |
| গুচ্ছ ৩ | অর্থনীতি/ জীববিজ্ঞান/ ফিন্যান্স ও ব্যাংকিং | ১ | | ২ | ৩ | | ৪ | ৫ | | ৬ | ৭ | | ৮ | ৮ |
| গুচ্ছ ৪ | পৌরনীতি ও নাগরিকতা/ উচ্চতর গণিত | | ১ | | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | | ৭ | ৮ | ৮ |
| | মোট | ২ | ৩ | ২ | ৩ | ৩ | ৩ | ২ | ৩ | ৩ | ২ | ৩ | ৩ | ৩২ |

বিশেষ দ্রষ্টব্য:

মোট ৩২টি অ্যাসাইনমেন্ট থেকে একজন শিক্ষার্থীকে চতুর্থ বিষয় বাদ দিয়ে প্রতিটি গ্রুপভিত্তিক বিষয়ের ৮টি করে মোট ২৪টি অ্যাসাইনমেন্ট সম্পন্ন করতে হবে।

ঐচ্ছিক বিষয়ের জন্য কোনো অ্যাসাইনমেন্ট তৈরি করতে হবে না।